

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৩১

১/ বিবিধ

আরবী

تزوجوا ولا تطلقوا، فإن الطلاق يهتز له العرش

موضوع

رواه أبو نعيم في أخبار أصبهان " (1 / 157) وعنه الديلمي (2 / 1 / 30) والخطيب في " تاريخه " (12 / 191) من طريق عمرو بن جميع عن جوير عن الضحاك عن النزال بن سبرة عن علي بن أبي طالب مرفوعا. ساقه الخطيب في ترجمة عمرو هذا بعد أن قال فيه: " كان يروي المناكير عن المشاهير، والموضوعات عن الأثبات وروى عن ابن معين أنه قال فيه: " كان كذابا خبيثا ". والحديث أورده ابن الجوزي في " الموضوعات " من طريق الخطيب وقال: " لا يصح فيه آفات، الضحاك مجروح، وجوير ليس بشيء، وعمرو قال ابن عدي: كان يتهم بالوضع ". وأقره السيوطي في " اللآلئ " (رقم 1916 بترقيمي) ثم ابن عراق في " تنزيه الشريعة المرفوعة عن الأخبار الشنيعة الموضوعة " (1 / 301) ، ومع ذلك فقد أورده السيوطي في " الجامع الصغير قلت: وهذا الحديث يلهج به كثير من الخطباء الذين يكادون يصرحون بتحريم الطلاق الذي أباحه الله تبارك وتعالى، وبعضهم يضع القيود العملية لمنع وقوع الطلاق، ولو كان بمحض اختيار الزوج! فإلى الله المشتكى

বাংলা

৭৩১। তোমরা বিবাহ কর তবে তালাক দিও না। কারণ তালাক দিলে তার জন্য আরশ কেঁপে উঠে।

হাদীছটি জাল।

এটি আবু নোয়াইম “আখবাবু আসবাহান” (১/১৫৭) গ্রন্থে, তার থেকে দাইলামী (২/১/৩০) এবং আল-খাতীব তার “আত-তারীখ” (১২/১৯১) গ্রন্থে আমার ইবনু জামী সূত্রে জুওয়াইবির হতে তিনি যহহাক হতে তিনি আন-নাযাল ইবনু সাবরুমা হতে ... বর্ণনা করেছেন।

আল-খাতীব আমুরের জীবনীতে বলেনঃ তিনি প্রসিদ্ধদের উদ্ধৃতিতে মুনকার হাদীছ এবং নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। ইবনু মা'ঈন তার সম্পর্কে বলেনঃ তিনি মিথ্যুক খাবীছ ছিলেন।

ইবনুল জাওয়ী হাদীছটি “আল-মাওয়'আত” গ্রন্থে আল-খাতীবের সূত্রে উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়, তাতে সমস্যা রয়েছে। যহহাক দূষণীয়। জুওয়াইবির কিছুই না। আর আমার সম্পর্কে ইবনু আদী বলেনঃ তাকে জাল করার দোষে দোষী করা হতো।

সুয়ূতী “আল-লাআলী” (নং ১৯১৬) গ্রন্থে অতঃপর ইবনু ইরাক "তানযীছ শারীয়াহ" (১/৩০১) গ্রন্থে তার বক্তব্যকে সমর্থন করেছেন। তা সত্ত্বেও তিনি হাদীছটি “আল-জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন!

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71610>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন